রেজিস্ট্রার অফিস
নং- ডি.আর.আইপি/০২/২০২৬/খ-২০২

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
তারিখ ঃ ১৭.০২.২০২৬ইং

# বিজ্ঞপ্তি

যথাযোগ্য মর্যাদায় **মহান ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬** উদ্‌যাপনের লক্ষ্যে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ রোজ রবিবার বেলা ১১টায় উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্‌ইয়া আখতার এর সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান ও উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন। সভায় সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক মহান ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপনে নিম্নোক্ত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

১। একুশে ফেব্রুয়ারি ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল মসজিদে ১৯৫২ সালে ভাষা আন্দোলনে বীর শহিদদের রুহের মাগফেরাতের জন্য দোয়া মোনাজাত এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে শহিদদের আত্মার শান্তি কামনা করে প্রার্থনা করা হবে।

২। প্রশাসনিক ভবন, আবাসিক হল ও অন্যান্য গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন এবং সর্বস্তরে কালো ব্যাজ ধারণ।

৩। ২১ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ১০:৩০টায় চ.বি. কেন্দ্রীয় শহিদ মিনারে মাননীয় উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, অনুষদসমূহের ডিন, রেজিস্ট্রার ও প্রশাসনের সংশ্লিষ্টদের সাথে নিয়ে শহিদদের স্মরণে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন। অতঃপর অনুষদসমূহের ডিন, চ.বি. শিক্ষক সমিতি, হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা পরিচালক, বিভাগীয় সভাপতি এবং ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দ, চ.বি. অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি. মহিলা সংসদ, সমন্বয় কর্মকর্তা বিএনসিসি, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, চ.বি. কর্মচারী সমিতি, চ.বি. কর্মচারী ইউনিয়ন, উস্ প্রাইমারি এন্ড হাইস্কুল, নীপবন শিশু বিদ্যালয়, চাকসু, হল ও হোস্টেল সংসদ প্রতিনিধিবৃন্দ, চ.বি. সাংবাদিক সমিতি এবং অন্যান্য সংগঠনের পক্ষ থেকে চ.বি. কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবেন। সারিবদ্ধ ও সুশৃঙ্খলভাবে ভাবগম্ভীর পরিবেশে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে প্রক্টর মহোদয়, বিএনসিসি কর্তৃপক্ষ ও নিরাপত্তা দপ্তর যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। পুষ্পস্তবক অর্পণ শেষে বেলা ১১টায় চ.বি. মাননীয় উপাচার্যের নেতৃত্বে ভাষা শহিদদের স্মরণে শোক র‍্যালি চ.বি. কেন্দ্রীয় শহিদ মিনার থেকে শুরু হয়ে চ.বি. প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হবে।

৪। শোক র‍্যালি শেষে চ.বি. মাননীয় উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে **মহান ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস** উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্‌ইয়া আখতার প্রধান অতিথি এবং চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান ও মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচনা সভায় নিম্নোক্ত প্রত্যেক ক্যাটাগরি/সংগঠন থেকে উপস্থিত বরিষ্ঠ শিক্ষক/কর্মকর্তা/প্রতিনিধিদের মধ্য থেকে একজন করে বিপরীতক্রম অনুযায়ী বক্তব্য রাখবেন– অনুষ্ঠানের সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি, ডিন, সভাপতি ও সাধারণ সম্পাদক চ.বি. শিক্ষক সমিতি, সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, প্রভোস্ট, সভাপতি/পরিচালক (বিভাগ/ইনস্টিটিউট), ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা পরিচালক, সভাপতি চ.বি. অফিসার সমিতি, সভাপতি চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), চাকসু প্রতিনিধি, সভাপতি চ.বি. সাংবাদিক সমিতি, সভাপতি চ.বি. কর্মচারী সমিতি ও সভাপতি চ.বি. কর্মচারী ইউনিয়ন। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চবি বিজ্ঞান অনুষদের ডিন ও আয়োজক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ আল-আমীন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করবেন চবি প্রক্টর ও আয়োজক কমিটির সদস্য সচিব প্রফেসর ড. হোসেন শহীদ সরওয়ার্দী।

৫। সম্মানিত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে ২১.০২.২০২৬ তারিখ সকাল ৯.০০ টায় চট্টগ্রাম শহর থেকে ১টি করে বাস শিক্ষকদের ১ ও ২ নং রুট অনুসরণ করে অনুষ্ঠানস্থলে আসবে এবং অনুষ্ঠান শেষে অনুরূপ রুট অনুসরণ করে ফিরে যাবে। তাছাড়া ক্যাম্পাসস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য অপর একটি বাস সকাল ১০টায় পরিবহন দপ্তর থেকে ছেড়ে উত্তর ক্যাম্পাস ঘুরে দক্ষিণ ক্যাম্পাস-ফরেস্ট্রি হয়ে অনুষ্ঠানস্থলে আসবে এবং অনুষ্ঠান শেষে যথারীতি ফিরে যাবে।

৬। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে উক্ত অনুষ্ঠানমালায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

17.2.2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

17/02/26

(প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্‌ইয়া আখতার)
উপাচার্য
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

P.T.O

স্মারক নং- ডি.আর.আইপি/০২/২০২৬/খ-২০২/২৬১৭ তারিখ ঃ ১৭.০২.২০২৬ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। সকল অনুষদের ডিন, চ.বি.।
২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. শিক্ষক সমিতি।
৩। কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত), চ.বি.।
৪। প্রভোস্ট/ওয়ার্ডেন, সকল হল/হোস্টেল, চ.বি.।
৫। প্রক্টর, চ.বি. (সিদ্ধান্ত ৩ ও ৪ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
৬। সকল বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চ.বি.।
৭। পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি.।
৮। পরিচালক, আইকিউএসি, চ.বি.।
৯। পরিচালক, আইসিটি সেল, চ.বি. (বিজ্ঞপ্তিটি সকল শিক্ষককে ই-মেইলের মাধ্যমে প্রেরণ এবং চবির অফিসিয়াল ফেসবুক পেজ ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
১০। গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), চ.বি.।
১১। পরিচালক, চ.বি. জাদুঘর।
১২। প্রশাসক ও হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), হিসাব নিয়ামক দপ্তর, চ.বি.।
১৩। প্রশাসক ও প্রধান প্রকৌশলী, চ.বি., (কেন্দ্রীয় শহিদ মিনার চত্বর এবং এর আশপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
১৪। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চ.বি.।
১৫। পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, চ.বি.।
১৬। চিফ মেডিকেল অফিসার, চ.বি.।
১৭। পরিচালক (ভারপ্রাপ্ত), শারীরিক শিক্ষা বিভাগ, চ.বি.।
১৮। কোষাধ্যক্ষ, চাকসু, চ.বি.।
১৯। পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.। (সিদ্ধান্ত ৬ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
২০। পরিচালক, বিজ্ঞান ওয়ার্কসপ, চ.বি.।
২১। পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চ.বি.।
২২। পরিচালক, নজরুল গবেষণা কেন্দ্র, চ.বি.।
২৩। প্রশাসক ও নিরাপত্তা প্রধান, নিরাপত্তা দপ্তর, চ.বি., (সিদ্ধান্ত ২, ৩ ও ৪ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
২৪। অধ্যক্ষ, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ।
২৫। সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি, চ.বি., (সিদ্ধান্ত ৩ ও ৪ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
২৬। প্রশাসক, চ.বি. প্রেস।
২৭। প্রশাসক, এস্টেট শাখা, চ.বি.।
২৮। প্রশাসক, পরিবহন দপ্তর, চ.বি., (সিদ্ধান্ত ৫ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
২৯। সভাপতি ও সম্পাদক, চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর)।
৩০। সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. অফিসার সমিতি।
৩১। সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী সমিতি।
৩২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী ইউনিয়ন।
৩৩। সভানেত্রী ও সাধারণ সম্পাদক, চ.বি. মহিলা সংসদ।
৩৪। প্রধান শিক্ষক, উস্ প্রাইমারি এন্ড হাইস্কুল, চবি।
৩৫। প্রধান শিক্ষক, নীপবন শিশু বিদ্যালয়, চবি।
৩৬। সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. সাংবাদিক সমিতি।
৩৭। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, মাননীয় উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
৩৮। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক), মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
৩৯। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন), মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
৪০। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের সাথে সংযুক্ত, রেজিস্ট্রার মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
৪১। খতিব, চ.বি. কেন্দ্রীয় জামে মসজিদ, (সিদ্ধান্ত ১ ও ৪ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
৪২। ইমাম, ক্যাম্পাসস্থ সকল মসজিদ, চ.বি., (সিদ্ধান্ত ১ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
৪৩। অধ্যক্ষ, বিশ্ব শান্তি প্যাগোডা, চ.বি., (সিদ্ধান্ত ১ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
৪৪। সভাপতি, সনাতন ধর্ম পরিষদ, চ.বি., (সিদ্ধান্ত ১ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।)
৪৫। ভিপি, জিএস ও এজিএস, চাকসু। চাকসুর অন্যান্য সম্পাদক ও নির্বাহী সদস্যদের অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪৬। ভিপি ও জিএস, সকল হল ও হোস্টেল সংসদ। স্ব স্ব হল ও হোস্টেল সংসদের অন্যান্য সম্পাদক ও নির্বাহী সদস্যদের অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

১৭.০২.২০২৬
(খন্দকার মোয়াজ্জেম হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার (তথ্য-ফটোগ্রাফি)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।